

নোটিশ

বিগত ১৩ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সকল পদের বৈধ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ১৬/১০/২০২৬ খ্রিষ্টাব্দ, রোজ শুক্রবার বিকাল ০৩.০০ ঘটিকায় i) আগারগাঁও তালতলা সরকারি কলোনী উচ্চ বিদ্যালয় ও কলেজ, আগারগাঁও, তালতলা, শেরেবাংলা নগর, ঢাকা, ii) তেজগাঁও কলেজ, ১৬, ইন্দিরা রোড, ঢাকা এবং iii) সরকারি বিজ্ঞান কলেজ, তেজগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের প্রবেশপত্র অদ্য ০১ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখ হতে <https://epb.teletalk.com.bd/admitcard/> ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে। উল্লেখ্য, প্রবেশপত্র ডাউনলোডের জন্য প্রয়োজনীয় User ID ও Password প্রত্যেক প্রার্থীর আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরে ইতোমধ্যে SMS-এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। পরীক্ষার্থীদের যথাসময়ে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা:

- ০১) এই প্রবেশপত্রটি বাছাই (MCQ) পরীক্ষার জন্য অবশ্যই সঙ্গে আনতে হবে। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় এ প্রবেশপত্র ব্যবহৃত হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
- ০২) পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষার সময় শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। পরীক্ষা শুরুর পর কোনো প্রার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। প্রার্থীকে অবশ্যই তার নির্ধারিত আসনে বসতে হবে;
- ০৩) আবেদনপত্রের ছবি/স্বাক্ষরের সাথে কোনো পরীক্ষার্থীর চেহারা/স্বাক্ষরের মিল না থাকলে তার পরীক্ষা গ্রহণ করা হবে না;
- ০৪) সরবরাহকৃত উত্তরপত্র/খাতার মধ্যেই লেখা সম্পন্ন করতে হবে। অতিরিক্ত কোনো খাতা বা কাগজ সরবরাহ করা হবে না এবং ব্যবহৃত প্রশ্নপত্র খাতার সাথে আবশ্যিকভাবে জমা দিতে হবে;
- ০৫) পরীক্ষার কেন্দ্রে মোবাইল ফোন, ডিজিটাল ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক, উত্তরপত্র/কাগজপত্র, নোট, ক্যালকুলেটর, ব্যাগ, পার্স ইত্যাদি নিয়ে প্রবেশ করা যাবে না। পরীক্ষা চলাকালে কোনো মোবাইল ফোন, ডিজিটাল হাত ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক, উত্তরপত্র/কাগজপত্র, নোট, ক্যালকুলেটর, ব্যাগ, পার্স ইত্যাদি পাওয়া গেলে বা কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ০৬) প্রার্থীকে পরীক্ষা কক্ষে অবস্থানকালে অবশ্যই উভয় কান উন্মুক্ত রাখতে হবে।
- ০৭) পরীক্ষা সংক্রান্ত তথ্য, ফলাফল এবং বাছাই ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ রপ্তানি উন্নয়ন ব্যুরো এর ওয়েবসাইট (<http://epb.gov.bd>) এর মাধ্যমে জানানো হবে;
- ০৮) মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি, স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর নাগরিকত্ব সনদপত্র/প্রত্যয়নপত্রের মূল কপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত চারিত্রিক সনদের মূল কপি এবং কোটার প্রার্থীদের সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সকল সনদপত্র/প্রত্যয়নপত্রের ১ সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
- ০৯) বাছাই, লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;
- ১০) প্রার্থীকে অবশ্যই কালো কালির বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে এবং পেন্সিল ব্যবহার নিষিদ্ধ;
- ১১) সুষ্ঠু পরীক্ষা গ্রহণ নিশ্চিতকরণ এবং জালিয়াতি প্রতিরোধে পরীক্ষা গ্রহণ প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে ভিডিও বা স্থিরচিত্র ধারণ, ডিজিটাল প্রযুক্তি এবং AI ব্যবহার করে অংশগ্রহণকারীর পরিচিতি যাচাই ও তদারকি করা হবে; এবং
- ১২) কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যেকোনো সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

Bomf 0১.১০.২০২৬

(মো: বজলুর রশীদ)

সচিব (উপসচিব)

রপ্তানি উন্নয়ন ব্যুরো

ও

সদস্য-সচিব

নিয়োগ/নির্বাচনি ও পদোন্নতি কমিটি